# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯০৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি اللَّهُمَّ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ (হে আল্লাহ, আমাদের প্রভু, আর আপনার জন্যই সমস্ত প্রশংসা) বললে যদি এটা বলা ফেরেস্তাদের বলার সাথে মিলে যায়, তাহলে তার পূর্বের সমস্ত গোনাহ ক্ষমা করা প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَا تَقَدَّمَ مِنْ ذُنُوبِ الْعَبْدِ بِقَوْلِهِ اللَّهُمَّ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ فِي صَلَاتِهِ إِذَا وَافَقَ ذَلِكَ قَوْلَ الملائكة

---

আরবী

1908 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَخْبَرَنَا أحمد بن أبي بكر عن مالك عن سُمَيٍّ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رسول الله صلى الله عليه وسلم قَالَ: (إِذَا قَالَ الْإِمَامُ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا: اللَّهُمَّ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ فَمَنْ وَافَقَ قَوْلُهُ قَوْلَ الْمَلَائِكَةِ غُفر لَهُ مَا تقدم من ذنبه)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1908 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (794)

বাংলা

১৯০৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “ইমাম যখন سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ  (আল্লাহ শ্রবণ করেন, যে তাঁর প্রশংসা করে) বলবেন, তখন তোমরা বলবে اللَّهُمَّ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ (হে আল্লাহ, আমাদের প্রভু, আর আপনার জন্যই সমস্ত প্রশংসা)। কেননা যার এটা বলা ফেরেস্তাদের বলার সাথে মিলে যাবে, তার পূর্বের সমস্ত গোনাহ ক্ষমা করে দেওয়া হবে।”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৩০; মুয়াত্তা ইমাম মালিক: ১/৮৮; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৮৪; মুসনাদ আহমাদ:

২/৪৫৯; সহীহ আল বুখারী: ৭৯৬; সহীহ মুসলিম: ৪০৯; আবূ দাঊদ: ৮৪৮; তিরমিযী: ২৬৭; নাসাঈ: ২/১৯৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৩৮; সুনান বাইহাকী: ২/৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৯৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91124

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন